

মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সাথে নবনিযুক্ত উপাচার্য মহোদয়ের সাক্ষাৎ

দেশ এগিয়ে গেছে, জনগণ চায় উন্নত স্বাস্থ্যসেবা: স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম, এমপি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোহাম্মদ নাসিম, এমপি মহোদয় বলেছেন, বাংলাদেশ এগিয়ে গেছে। স্বল্পলোভ দেশ থেকে উন্নয়নশীল দেশের স্বীকৃতি অর্জন করেছে। এদেশের শিক্ষা, অবকাঠামোগত উন্নয়ন, রাস্তাঘাটের উন্নয়ন, খাদ্য উৎপাদন সবকিছুরই উন্নয়ন হয়েছে, অগ্রগতি হয়েছে। সাফল্য অর্জিত হয়েছে। এদেশের জনগণ এখন চায় উন্নত স্বাস্থ্যসেবা। ভালো চিকিৎসা পেলেই তাঁরা খুশি। উন্নত চিকিৎসাসেবার প্রতি অধিক মনোযোগী হতে হবে। জাতির পিতার নামে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে সব ধরনের উন্নত চিকিৎসাসেবা নিশ্চিত করতে হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বৈকালিক চিকিৎসাসেবা ইতিমধ্যে মানুষের মধ্যে সাড়া জাগিয়েছে। বৈকালিক চিকিৎসাসেবা কার্যক্রম আরো জোরদার ও অব্যাহত রাখতে হবে। রাজনীতির চাইতে, অনুষ্ঠানের চাইতে কাজের প্রতি বেশি বেশি গুরুত্ব দিতে হবে। রোগীদের সন্তুষ্টি নিশ্চিত করতে হবে। আজ মঙ্গলবার ২৭ মার্চ ২০১৮-ইং তারিখ, দুপুরে বাংলাদেশ সচিবালয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম, এমপি মহোদয়ের সাথে তাঁর কার্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া সাক্ষাৎ করতে গেলে মাননীয় মন্ত্রী এসব কথা বলেন। জবাবে নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া জানান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে সত্যিকার অর্থেই সেন্টার অব এক্সিলেন্স হিসেবে গড়ে তুলতে তিনি সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাবেন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে আরো উন্নত চিকিৎসাসেবা নিশ্চিতকল্পে যা যা করণীয় তা বাস্তবায়নের উদ্যোগ নিবেন। এসময় মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া তাঁকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসাবে নিয়োগ দেয়ায় মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং স্বাস্থ্যমন্ত্রী মহোদয়কে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এসময় স্বাস্থ্য প্রতিমন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিভাগের মাননীয় সচিব জনাব ফয়েজ আহমেদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, নাসিং অনুমদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, মেডিক্যাল টেকনোলজি অনুমদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হাল্লান, সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ জুলফিকার রহমান খান, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (মানব সম্পদ) ডা. জামাল উদ্দিন খলিফা, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, গ্রন্থাগারিক ও পরিচালক (অধিকতর উন্নয়ন প্রকল্পসমূহ) অধ্যাপক ডা. মোঃ মনিরুজ্জামান খান, সহকারী প্রক্টর সহযোগী অধ্যাপক ডা. মোঃ আবু তাহের প্রমুখ উপস্থিত ছিলেন।

